দৈনিক বাংলা

তারিখ ...১৯ JUL 1990...
পৃষ্ঠা ...৭... কলাম ...৫...

4

৩৮

# প্রকৌশল ভার্সিটিতে ছাত্র ধর্মঘট

।। বুয়েট সংবাদদাতা ।।

গতকাল বুধবার প্রকৌশল বিশ্ব-বিদ্যালয় (বুয়েট) -এ ছাত্র ধর্মঘট পালিত হয়েছে। ঈদুল আজহার ছুটি শেষে গত শনিবার ক্লাস শুরুর পর এনিয়ে চারদিন বুয়েটের ছাত্ররা ক্লাস বর্জন করলেন। চারজন ছাত্রনেতার

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## প্রকৌশল ভার্সিটিতে

(প্রথম পৃঃ পর)

বহিষ্কারাদেশ বাতিলের দাবীতে বুয়েটের ছাত্ররা আন্দোলন করছেন।

উল্লেখ্য, আহসানউল্লা হল সংলগ্ন সিরাজ মিয়ার দোকান থেকে নকল স্যাভলন উদ্ধারকে কেন্দ্র করে ঘটনার সূত্রপাত। জোর করে ঐ দোকান থেকে মাল আটকের অভিযোগ এনে বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব রেসিডেন্স এন্ড ডিসিপ্লিন আহসানউল্লা (উঃ) হলের প্রাক্তন ভিপি, বর্তমান ভিপি ও জিএস এবং অপর একজন ছাত্রনেতাকে বিশ-বিদ্যালয় থেকে বহিষ্কার করে।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন বহি-কারাদেশ প্রত্যাহারের দাবীতে গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করে। বাংলাদেশ ছাত্রলীগ (হা-অ) ও বাংলাদেশ ছাত্রলীগ (না-শ) যৌথ-ভাবে মিছিল করে ঐ একই দাবী জানায়। জাতীয়তাবাদী ছাত্রদল এর আগের দিন অনুরূপ মিছিল বের করে।